

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(ত্রাণ শাখা)

স্মারক নং ৫১.০১.৮১০০.০২৫.০৭.০০১.২৩.২৪৬

তারিখঃ ১৩/১২/১৪৩০ বঙ্গাব্দ
২৭/০৩/২০২৪ খ্রি.

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ উপলক্ষ্যে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারকে সহায়তা প্রদানের জন্য ভিজিএফ খাদ্যশস্য (চাল) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০১৮.২০.০৩৬.২৩.১৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ উপলক্ষ্যে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারকে বিনামূল্যে ভিজিএফ খাদ্যশস্য (চাল) সহায়তা প্রদানের লক্ষ্যে এ জেলার নিম্নবর্ণিত ১৪ (চৌদ্দ) টি পৌরসভার অনুকূলে বরাদ্দকৃত কার্ডের বিপরীতে ১০ (দশ) কেজি হারে বিতরণের জন্য শর্তসাপেক্ষে ভিজিএফ (চাল) উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রঃনং	পৌরসভার নাম	শ্রেণী	কার্ড সংখ্যা	উপ-বরাদ্দের পরিমাণ চাল (মে. টন)
০১	গোদাগাড়ী পৌরসভা	ক	৪৬২১	৪৬.২১০
০২	তাহেরপুর পৌরসভা	ক	৪৬২১	৪৬.২১০
০৩	নওহাটা পৌরসভা	ক	৪৬২১	৪৬.২১০
০৪	কাঁকনহাট পৌরসভা	ক	৪৬২১	৪৬.২১০
০৫	বাঘা পৌরসভা	ক	৪৬২১	৪৬.২১০
০৬	চারঘাট পৌরসভা	ক	৪৬২১	৪৬.২১০
০৭	ভবানীগঞ্জ পৌরসভা	ক	৪৬২১	৪৬.২১০
০৮	মুন্ডুমালা পৌরসভা	খ	৩০৮১	৩০.৮১০
০৯	কেশরহাট পৌরসভা	খ	৩০৮১	৩০.৮১০
১০	আড়ানী পৌরসভা	খ	৩০৮১	৩০.৮১০
১১	পুঠিয়া পৌরসভা	খ	৩০৮১	৩০.৮১০
১২	দুর্গাপুর পৌরসভা	খ	৩০৮১	৩০.৮১০
১৩	কাটাখালী পৌরসভা	খ	৩০৮১	৩০.৮১০
১৪	তানোর পৌরসভা	গ	১৫৪০	১৫.৪০০
	পৌরসভার মোট=	-	৫২,৩৭৩	৫২৩.৭৩০

শর্তাবলী :

- ০১। ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত করতে হবে।
০২। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে।

- (ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৬ সালের তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।
- (খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।
- (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪(চার) টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে;
১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
 ২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
 ৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
 ৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অস্বচ্ছল।
 ৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।

চলমান পাতা-০২

পাতা-০২

৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল।
৮. যে পরিবারের প্রধান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অস্বচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

- (ঘ) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
- (ঙ) ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।
- (চ) বরাদ্দকৃত চাল আগামী ০৩/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ নিশ্চিত করে অত্রাফিসকে অবহিত করবেন।
- (ছ) বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এবং অত্রাফিসে প্রেরণ করতে হবে।
- (জ) বরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।

০৩। বরাদ্দকৃত চালের ব্যয় 'চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের "১৪৯০১০১-১২০০০১৯০৩'- ভিজিএফ কার্যক্রম-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি- ৩৭২২১০১-ত্রাণ কার্য (চাল)' খাত হতে নির্বাহ করতে হবে।

০৪। এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


মেয়র

গোদাগাড়ী/তাহেরপুর/নওহাটা/কাঁকনহাট/বাঘা/মুন্ডুমালা/কেশরহাট/
চারঘাট/আড়ানী/ভবানীগঞ্জ/পুঠিয়া/দুর্গাপুর/কাঁটাখালী/ তানোর পৌরসভা,
রাজশাহী



(মো: সালাহ উদ্দীন-আল-ওয়াদুদ)
জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৭৯৯০ (অফিস)
মোবাইল নং: ০১৭০০৭১৬৭০২

E-mail: drrorajshahi@ddm.gov.bd



অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, রাজশাহী-১/৩/৪/৫/৬, রাজশাহী
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৪। পরিচালক (ভিজিডি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
- ০৫। উপ-পরিচালক (ভিজিডি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী/তানোর/পবা/মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা, রাজশাহী
- ০৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী
- ০৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী/তানোর/পবা/মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা, রাজশাহী
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোদাগাড়ী/তানোর/পবা/মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা, রাজশাহী
- ১১। অফিস নথি